



বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা

উন্নয়ন শাখা

প্রশাসন অনুবিভাগ

www.idra.org.bd

স্মারক নং-৫৩.০৩.০০০০.০১৭.১৭.০২.২০২৩.

তারিখঃ ১৭ সেপ্টেম্বর, ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ১৭/০৯/২০২৪ তারিখ সকাল ১১:০০ টায় কর্তৃপক্ষের ১নং সভাকক্ষে বাংলাদেশ ইন্স্যুরেন্স সার্ভেয়ার্স এসোসিয়েশন, বীমা এজেন্ট প্রশিক্ষণ কেন্দ্র, ইন্স্যুরটেক প্রতিষ্ঠান, বীমা কল্যাণ সোসাইটি বাংলাদেশ এবং বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমীর প্রতিনিধিদের সাথে এক মতবিনিময় সভার আয়োজন করে। উক্ত সভায় সভাপতিত্ব করেন বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নব যোগদানকৃত চেয়ারম্যান ড. এম আসলাম আলম। সভায় উপস্থিত ছিলেন বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সকল সদস্য, নির্বাহী পরিচালক, পরিচালক এবং উপ-পরিচালক।

এ সৌজন্য বিনিময় সভায় প্রথমেই জুলাই-আগস্ট আন্দোলনে নিহত ব্যক্তিবর্গের আত্মার মাগফিরাত কামনা করা হয় এবং শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি সমবেদনা জ্ঞাপন ও আহত ব্যক্তিবর্গের আসু সুস্থতা কামনা করা হয়। অতঃপর সকলকে স্বাগত জানিয়ে পরিচয় প্রদানের জন্য অনুরোধ করেন বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সদস্য (প্রশাসন) জনাব বিশ্বজিৎ ভট্টাচার্য শোকন।

পরিচয় পর্ব শেষে মত বিনিময় সভায় শুভেচ্ছা বক্তব্য রাখেন জনাব কেএনএম খোরশেদ আলম, সভাপতি, বাংলাদেশ ইন্স্যুরেন্স সার্ভেয়ার্স এসোসিয়েশন; জনাব কাজী মোঃ মোরতোজা আলী, ডিরেক্টর জেনারেল, বাংলাদেশ ইন্সটিটিউট ফর প্রফেশনাল ডেভেলপমেন্ট; জনাব এস. এম. ইব্রাহিম হোসাইন, পরিচালক, বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমী; জনাব মুজতবা ফিদাউল হক, ব্যবস্থাপনা পরিচালক, আদর্শ পানি সেবা লিমিটেড এবং লায়ন জাহাঙ্গীর আলম, প্রেসিডেন্ট, বীমা কল্যাণ সোসাইটি।

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নব নিযুক্ত চেয়ারম্যানকে অভিনন্দন জানিয়ে বিভিন্ন প্রতিষ্ঠানের বক্তাগণ তাঁদের মতামত প্রকাশ করেন। বক্তাগণ বীমা খাতের উন্নয়নে তাঁদের প্রতিষ্ঠানের দায়িত্ব-কর্তব্যের গুরুত্ব তুলে ধরেন। এছাড়াও, বীমা খাতের মানব সম্পদ উন্নয়নে, আর্থিক ক্ষতির পরিমাণ হ্রাস করতে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধিতে, বীমা সেক্টরে শৃঙ্খলা ফিরিয়ে আনতে মানসম্মত প্রশিক্ষণের বিকল্প নেই বলে উল্লেখ করেন। তাঁরা আশাবাদ ব্যক্ত করেন যে, নির্দিষ্ট সংখ্যক প্রতিষ্ঠানের জন্য সুযোগ-সুবিধা সীমাবদ্ধ না রেখে সকল প্রতিষ্ঠানের জন্য তা উন্মুক্ত করে, বীমা নীতিমালার সফল বাস্তবায়ন করে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নব-নিযুক্ত চেয়ারম্যান এর সার্বিক নেতৃত্বে বীমা খাতের ব্যাপক উন্নয়ন সম্ভব। তাঁরা আরো বলেন, ইতোমধ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত উদ্যোগসমূহ যেমন ইন্স্যুরটেক, ব্যাংকাসুরেন্স ইত্যাদি বীমা খাতের উন্নয়নে ইতিবাচক প্রভাব ফেলেছে মর্মে বক্তাগণ অভিমত ব্যক্ত করেন।

সভাপতি এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান ড. এম আসলাম আলম জুলাই বিপ্লবের শহীদদের আত্মার মাগফিরাত কামনা করেন এবং আন্দোলনে সক্রিয় ভূমিকা পালনকারী ছাত্র-জনতার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে তাঁর বক্তব্য শুরু করেন। তিনি বলেন, নতুন বাংলাদেশের স্বপ্ন বাস্তবায়নে এবং জাতীয় অর্থনীতিতে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে পারে দেশের বীমা খাত। বীমা খাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা রক্ষা এবং এ খাতের উন্নয়নে উপস্থিত প্রতিষ্ঠানসমূহের কার্যক্রমের উপর গুরুদারোপ করেন। প্রান্তিকভাবে অংশগ্রহণকারীদের নিয়ে কাজ করতে, গ্রাহকের সুরক্ষা প্রদানে, দক্ষ বীমা কর্মী তৈরিতে গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসেবে এসব প্রতিষ্ঠানের পাশে থাকার দৃঢ় অঙ্গীকার করেন।

তিনি বিশ্বাস করেন, বিশ্বের অন্যান্য দেশের ন্যায় আমাদের দেশেও বীমার প্রতি ইতিবাচক মনোভাব তৈরি করে মানুষের আস্থা ফিরিয়ে আনার জন্য সংশ্লিষ্ট সকলের সম্মিলিত প্রচেষ্টার বিকল্প নেই। গ্রাহকদের সুরক্ষা নিশ্চিত করার ক্ষেত্রে মনোযোগী হওয়া, সকলের নৈতিক মূল্যবোধের সম্মান করা, নিষ্ঠা ও সততার সাথে কাজ করার মাধ্যমে বীমা খাতের দীর্ঘদিনের পুঞ্জিভূত সমস্যার সমাধান করা সম্ভব বলে তিনি মনে করেন। জাতীয় বীমা নীতির হালনাগাদ করে শীঘ্রই তা বাস্তবায়ন করা হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। ঐক্যবদ্ধ প্রচেষ্টায় বীমা খাতের উন্নয়নে সকলকে অভিন্ন উদ্দেশ্য নিয়ে কাজ করার আহবান জানিয়ে তিনি তাঁর বক্তব্য শেষ করেন।

অনুষ্ঠান শেষে বাংলাদেশ ইন্স্যুরেন্স সার্ভেয়ার্স এসোসিয়েশন, বীমা এজেন্ট প্রশিক্ষণ কেন্দ্র, ইন্স্যুরটেক প্রতিষ্ঠান, বীমা কল্যাণ সোসাইটি বাংলাদেশ এবং বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমীর প্রতিনিধিদের পক্ষ হতে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নব যোগদানকৃত চেয়ারম্যানকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

১৭.০৯.২০২৪
মোঃ জাহাঙ্গীর আলম
পরিচালক (যুগ্মসচিব)

মুখপাত্র, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

প্রধান বার্তা সম্পাদক /বার্তা সম্পাদক /চীফ রিপোর্টার
সকল প্ৰিন্ট/ইলেক্ট্রনিক মিডিয়া